CYMK
কলকাতা, শিলিগুড়ি ও পোর্ট ব্লেয়ার থেকে একযোগে প্রকাশিত

রাজপুতানায় বাদশা

শাহরুখের মুকুটে এবার নতুন পালক। বাংলার ব্র্যান্ড অ্যাম্বাসাডর আগেই ছিলেন, এখন কিং খানকে দেখা যাবে রাজস্থানের ট্যুরিস্ট গাইড হিসেবে। আসন্ন নতুন ছবিতে তাঁকে দেখা গেছে রাজস্থানের ট্যুরিস্ট গাইড হিসেবে।

আর্থিক
লিপি
*

ইয়েচুরির মত

ডোকলাম ইস্যুতে ভারত-চিন সংঘাত থামানোর বিষয় সরকারের পাশে থাকার প্রতিশ্রুতি দিলেন সিপিএম সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি। সোশ্যাল মিডিয়ায় এ কথা জানিয়েছেন তিনি।

www.facebook.com/arthiklipiepaper Siliguri Office: Ph: 0353-2521544, Fax: 0353-2521545 Email: lipi.siliguri2015@gmail.com ৮ পাতা ₹3
VOL XII, ISSUE - 208 শিলিগুড়ি ● রবিবার ● ৩১ আষাঢ়, ১৪২৪ ● ১৬ জুলাই, ২০১৭ ● SILIGURI ● SUNDAY ● JULY 16, 2017

ব্যবসা বন্ধকে ঘিরে ফের উত্তপ্ত রায়গঞ্জ

রাস্তা অবরোধ, পুলিশের সঙ্গে বচসা ব্যবসায়ীদের

নিজস্ব সংবাদদাতা, রায়গঞ্জ: ১২ ঘন্টা কেটে গেলেও উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জের উত্তেজনা থামেনি। শহরবাসী থেকে শুরু করে ব্যবসায়ীরা আতঙ্কিত।

শনিবার ব্যবসায়ীদের ডাকা রায়গঞ্জের বন্ধের চরম উত্তেজনা দেখা দিয়েছে রায়গঞ্জ শহরে। দফায় দফায় রায়গঞ্জ শহরের বিভিন্ন এলাকায় আগুন জ্বালিয়ে পথ অবরোধ করে ব্যবসায়ীরা সুপার মার্কেট ও পুর বাসস্ট্যান্ড এলাকায় ব্যাপক উত্তেজনা দেখা দেয়। কমব্যাট ফোর্স সহ জেলা পুলিশ সুপার ওই এলাকায় গেলে পুলিশ সুপারকে ঘিরে বিক্ষোভ দেখায় ব্যবসায়ীরা।

শনিবার ব্যবসা বন্ধে রায়গঞ্জ শহরের দোকানপাট বন্ধ।

পুলিশ সুপার কথা বলতে গেলে উত্তেজনা আরও বাড়তে থাকে। গতকাল আদিবাসীদের তাণ্ডবের পর শনিবার ব্যবসায়ীদের ডাকা বনধকে ঘিরে উত্তপ্ত রায়গঞ্জ শহর। ঘটনা সামাল দিতে শনিবার সকালে থেকেই রাস্তায় নামে বিশাল পুলিশ বাহিনী। বিক্ষোভকারীদের অভিযোগ যখন গতকাল আদিবাসীরা তাণ্ডবের জেরে অগ্নিগর্ভ হয় রায়গঞ্জ, ব্যবসায়ীদের যেভাবে ক্ষতির মুখে পড়তে হয় তখন পুলিশ প্রশাসন কোথায় ছিল? শনিবার বনধ প্রত্যাহারের জন্য কেন এইভাবে প্রচুর পরিমাণে পুলিশ নিয়ে ঝাঁপিয়ে পড়েছে। এদিন পুলিশ সুপার জানান, এই মাসে ৯ তারিখে একটি ঘটনা ঘটেছিল সেখানে বেশ কিছু দুষ্কৃতী গ্রেফতার হয়েছিল আয়েয়াস্ত্র সহ। তারা একটি মিছিল বের করেছিল, সেই মিছিলের কোনও প্রকার অনুমতি ছিল না। আদিবাসী সম্প্রদায়ের লোকেরা যে ঘটনা ঘটিয়েছে তা নিয়ে মামলা রুজু করা হয়েছে এবং আইনি পদক্ষেপ নেওয়া হবে। চেম্বার অফ কমার্সের যা দায়িত্বে আছেন তাদের নিয়ে বৈঠকেও বসা হবে। যেসব ব্যবসায়ীদের ক্ষতি হয়েছে তা নিয়ে আলোচনা হবে। গোটা ঘটনার তদন্ত করা হবে। অন্যদিকে, শুক্রবার রায়গঞ্জ শহরে আদিবাসী তাণ্ডবের প্রতিবাদে শনিবার রায়গঞ্জে ২৪ ঘণ্টার ব্যবসা বন্ধে শহরের সমস্ত দোকানপাট, হাটবাজার বন্ধ ছিল। রাস্তায় কোনও যানবাহনও চোখে পড়েনি। বনধ সর্বাত্মক বলে দাবি করেছে ব্যবসায়ী সংগঠনগুলি।

আদিবাসী মহিলা নিগ্রহের ঘটনার প্রতিবাদে শুক্রবার রায়গঞ্জ শহরে এক প্রতিবাদ মিছিল বের করে পাঁচটি আদিবাসী সংগঠন। সেই মিছিল থেকেই ছড়ায় উত্তেজনা।

রায়গঞ্জ বাস স্ট্যান্ড জ্বালিয়ে দেওয়ার পাশাপাশি কয়েকশো ব্যবসায়ীর দোকানে ভাঙচুর ও অগ্নি সংযোগের ঘটনা ঘটে। ভেঙে ফেলা হয় বহু মোটর বাইক ও গাড়ি। ব্যবসায়ীদের কয়েক কোটি টাকার ক্ষতি হয়। অভিযোগ, পুলিশের চোখের সামনে সব ঘটনা ঘটলেও পুলিশ ছিল নীরব দর্শকের ভূমিকায়।

এই ঘটনার প্রতিবাদেই এদিন ২৪ ঘণ্টার ব্যবসা বন্ধের ডাক দেয় ওয়েস্ট দিনাজপুর চেম্বার অফ কমার্স, রায়গঞ্জ মার্চেন্ট অ্যাসোসিয়েশন সহ সবকটি ব্যবসায়ী সংগঠন।

পাহাড়ে মোর্চার আন্দোলনের আঁচ জলপাইগুড়িতেও

শনিবার চকবাজারে মহিলা মোর্চা সদস্যদের প্রতিবাদমিছিল।

আলিপুরদুয়ার/ শিলিগুড়ি, ১৫ জুলাই : পৃথক রাজ্যের দাবিতে পাহাড়ে আন্দোলনের আঁচ এবার পৌঁছল পাশের জেলা আলিপুরদুয়ারে।

গণতান্ত্রিকভাবে করা মিছিল আটকে দিয়েছে পুলিশ,এই অভিযোগে শনিবার বীরপাড়া-মাদারিহাট ব্লকের বিভিন্ন স্থান অবরোধ করে গোর্খা জনমুক্তি মোর্চার কর্মী-সমর্থকরা। ঘটনার প্রতিবাদে রবিবার বীরপাড়া-মাদারিহাট ব্লকে রিলে অনশন শুরু করা হবে বলে জানিয়েছেন মোর্চার বীরপাড়া-মাদারিহাট ব্লকের কার্যকরী সভাপতি সুরাজপ্রধান।

ঘটনা দেখে ওয়াকিবহাল মহলের অনুমান, পাহাড়ের আন্দোলন এবার সমতলে নামিয়ে আনতে চাইছে মোর্চা। উল্লেখ্য, গোর্খাল্যান্ডের সমর্থনে কোনও মিছিলকে শুক্রবার মাদারিহাটে ঢুকতে দেয়নি পুলিশ। আলিপুরদুয়ারের পুলিশ সুপার আভারু রবীন্দ্রনাথ জানিয়েছেন, আইনশৃঙ্খলারক্ষায়যাযাকরণীয়তাই করছে পুলিশ। এদিকে শনিবার মিরিক যাওয়ার পথে শিলিগুড়ির ডিসিপি'এর গাড়ির উপর হামলা চালানোর অভিযোগ উঠেছে আন্দোলনকারীদের বিরুদ্ধে। পাশাপাশি এদিন সোশ্যাল মিডিয়ায় একটি ভিডিও শেয়ার হয়েছে। যা আন্দোলনকারীদের মানবিকতা নিয়ে প্রশ্ন তুলে নিয়েছে। ভিডিওটিতে দেখা যাচ্ছে বাড়িতে খাদ্যের জোগানে টান পড়ায় জীবনের ঝুঁকি নিয়ে পাহাড় থেকে গাড়ি করে সমতলে বাজার করতে নেমেছিলেন এক মহিলা। গিয়েছিলেন শিলিগুড়ি বিধান মার্কেটে। কিনে ছিলেন বিভিন্ন খাদ্যপণ্য। কিন্তু ঘটনাটি জানতে পেরেই একদল মানুষ এসে তার গাড়ি থেকে খাদ্য সামগ্রীগুলি ফেলে দেন। মহিলা বহু অনুনয় বিনয় কোনও কাজে দেয়নি।

শনিবার ব্যবসা বন্ধের সমর্থনে ওয়েস্ট দিনাজপুর চেম্বার অফ কমার্সের পক্ষ থেকে বিক্ষোভ মিছিল করে রায়গঞ্জে। শহরের বিদ্রোহী মোড় থেকে এদিন সকালে মিছিলটি শুরু করে শহর পরিক্রমা।

কিশোরকে অপহরণের অভিযোগ, পুলিশের সামনে অভিযুক্তদের গণ পিটুনি

সাগর রজক, মানিকচক

বকেয়া তিন লক্ষ টাকা না পেয়ে ঠিকাদারের ১২ বছরের ছেলেকে অপহরণের ঘটনায় দুই পাচারকারীকে ব্যাপক গণপিটুনি দিল গ্রামবাসীরা। ঘটনাস্থলে গিয়ে আক্রান্ত হয়েছে স্থানীয় গ্রাম পঞ্চায়েতের আরএসপি দলের পঞ্চায়েত সদস্যার স্বামী সহ ৩ জন। ঘটনার খবর পেয়ে পুলিশ এলাকায় গেলে তাদেরও হেনস্থা করে ক্ষুব্ধ জনতা বলে অভিযোগ। শনিবার দুপুর সাড়ে ৩টা নাগাদ ঘটনাটি ঘটেছে রতুয়া থানার বালুপুর গ্রামে। পরে ক্ষুব্ধ জনতার হাত থেকে পাচারকারীদের দুইজনকে গুরুতর জখম অবস্থায় উদ্ধার করে পুলিশ। তাদের চিকিৎসা চলছে চাঁচল মহকুমা হাসপাতালে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, এদিন দুপুরে বালুপুর স্ট্যান্ডের কাছে একটি মোটরবাইক থেকে দুই ব্যক্তি ১২ বছরের ওই নাবালককে আরেকটি মোটর বাইকে তুলে দেয়। ওই বালকের চিৎকার শুনেই লোকজন ছুটে আসেন এবং প্রথম দুই পাচারকারীকে হাতে নাতে ধরে ফেলেন। কিন্তু পরিস্থিতি বেগতিক দেখে ওই বালককে অপহরণ করে অন্য বাইকের চালক গাড়ি নিয়ে এলাকা থেকে পালিয়ে যায় বলে অভিযোগ। আর এই ঘটনার পরই জনতার হাতে ধরা পড়া দুই পাচারকারীকে ব্যাপক মারধর করা হয়। এদিকে ঘটনার খবর পেয়ে ভাদো গ্রাম পঞ্চায়েতের বালুচর এলাকায় আরএসপি দলের পঞ্চায়েত সদস্যার স্বামী হাফিজুর রহমান এবং তার দুই আত্মীয় মশা আলি ও এমাজুদ্দিন শেখ এসে ক্ষুব্ধ জনতার হাত থেকে পাচারকারীদের ছাড়ানোর চেষ্টা করে। কিন্তু উত্তেজিত গ্রামবাসীরা ওই পঞ্চায়েত সদস্যার স্বামী ও তার আত্মীয়কে এই ঘটনার সঙ্গে জড়িত থাকার সন্দেহে তাদেরও গণপিটুনি দিতে শুরু করে। ইতিমধ্যে খবর পেয়ে রতুয়া থানার পুলিশ ঘটনাস্থলে ছুটে আসে। কিন্তু পুলিশের সামনেই চলে গণপিটুনি এবং বিক্ষোভ। পরে রতুয়া থানা থেকে আরও বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে যায় এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পুলিশকে অভিযোগ অপহৃত বালকের বাবা পেশায় ঠিকাদার জমিকল হক জানিয়েছেন, ৬ মাস আগে বিলাইমারি এলাকায় একটি ভবন তৈরির কাজ করেছিলেন তিনি। সেই কাজের দরুণ তিন লক্ষ টাকা বকেয়া হয়েছিল। যে সংস্থার হয়ে তিনি কাজ করেছিল সেই সংস্থা তাকে বকেয়া তিন লক্ষ টাকা দেয়নি। যার ফলে তিনি অন্যান্যদের পাওনা টাকা মেটাতে পারেন নি। এই কাজের সঙ্গে যারা যুক্ত ছিলেন তাদের মধ্যেই কেউ তার ছেলেকে অপহরণ করেছে। এদিকে আরএসপি'র পঞ্চায়েত সদস্যার স্বামী হাফিজুর রহমানকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। তার বক্তব্য, আমি এই ঘটনার ব্যাপারে কিছু জানতাম না। ঘটনাটি শুনে এলাকায় গিয়েছিলাম। কিন্তু এলাকার মানুষ কিছু না বুঝেই আমাকে মারধর করেছে। রতুয়া থানার ওসি হারাধন দেব জানিয়েছেন, দুইজনকে গণপিটুনি দেওয়ার ফলে তাদের সংজ্ঞাহীন হয়ে পড়েছে। তাদের চিকিৎসা চলছে হাসপাতালে। জ্ঞান ফিরলেই পুরো ঘটনাটি নিয়ে ওই দুইজনকে জিজ্ঞাসাবাদ করা হবে। পাশাপাশি অপহৃত বালকের খোঁজ চালানো হচ্ছে।

পুলিশ-গ্রামবাসী সংঘর্ষ, আহত আইসি সহ ১২ জন

নিজস্ব সংবাদদাতা, রায়গঞ্জ: আবার সংঘর্ষের ঘটনা ঘটল উত্তর দিনাজপুর জেলার চোপড়ায়। সম্প্রতি চোপড়ায় এক বিজেপি কর্মী খুনের ঘটনায় উত্তেজনা ছড়িয়েছিল। এবারে তার রেশ কাটি না কাটতে চোপড়ার কালচিনি গ্রামে পুলিশের সঙ্গে সংঘর্ষ বাধল গ্রামের লোকেদের। এই সংঘর্ষের জেরে চোপড়া থানার আইসি সহ ১১ জন পুলিশ আহত হয়। তারা সকলে ইসলামপুর মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। এই ঘটনার জেরে এলাকায় উত্তেজনা ছড়ায়।

জানা যায়, শুক্রবার বিকালে স্থানীয় তৃণমূল নেতৃত্ব স্থানীয় পঞ্চায়েত প্রধানের সঙ্গে দেখা করতে তার বাড়ি যাচ্ছিল। মাঝপথে তাদের আটকে দেয় গ্রামবাসী।

গ্রামবাসীদের তাদের আটকে বিক্ষোভ দেখায়। তাদের মধ্যে সংঘাত সৃষ্টি হয়। খবর পেয়ে ছুটে আসে চোপড়া থানার পুলিশ বাহিনী। পুলিশ পৌঁছনোর পড়েই পুলিশের সঙ্গে গ্রামবাসীদের খন্ড যুদ্ধ বেধে যায়। যা পড়ে রণক্ষেত্রের আকার ধারণ করে। পুলিশকে লক্ষ্য করে ইট, পাথর ছুড়তে থাকে গ্রামবাসীরা। পুলিশ গাড়ি ভাঙচুর করে বিক্ষোভকারিরা বলে অভিযোগ। পরিস্থিতি স্বাভাবিক করতে কাঁদানে গ্যাসের শেল ফাটানো হয়। বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে আসলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এই ঘটনার জেরে চোপড়া থানার আইসি সহ ১২ জন পুলিশ আহত হয়। তারা সকলে ইসলামপুর মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন।

তৃণমূলের কার্যকারী সভাপতি দেবাশিস দত্ত জানান, কাচাকলি গ্রাম পঞ্চায়েতের প্রধান বাণেশ্বর সিংহের বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হয়। তার সঙ্গে দেখা করার জন্য এদিন তৃণমূলের সভার করার পড়ে সন্ধ্যার তাঁর বাড়ি পরিদর্শনে যায় তৃণমূলের এক প্রতিনিধি দল। সেই সময়ে মাঝপথে দুষ্কৃতীরা তাদের উপর হামলা চালায়, তাদের মারধর করে এবং তাদের গাড়িও ভাঙচুর করে বলে জানান।

ঘুম থেকে তুলে গুলি ব্যবসায়ীকে

নিজস্ব সংবাদদাতা, কোচবিহার: ঘুম থেকে তুলে গুলি করে খুন করা হল এক ব্যবসায়ীকে। আজ ভোরে ঘটনাটি ঘটেছে কোচবিহার শহর সংলগ্ন টাকাগাছ বাজার এলাকায়। মৃতের নাম রফিকুল শেখ (৩৬)। রফিকুল পেশায় মাংস ব্যবসায়ী। ঘটনায় অভিযুক্ত ও তার মাকে আটক করেছে পুলিশ। জানা গেছে, বেশ কিছু দিন ধরে স্থানীয় এক মাংস ব্যবসায়ী জাকির আলমের সঙ্গে রফিকুলের ব্যবসার জায়গা নিয়ে ঝামেলা চলছিল। শনিবার ভোরে রফিকুলের বাড়ি গিয়ে একদল দুষ্কৃতী ঘুম থেকে তুলে গুলি করে। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। মৃতের পরিবারের অভিযোগ জাকির আলমের লোকজন খুন করেছে। ঘটনার খবর জানাজানি হতেই উত্তেজনা ছড়ায় এলাকায়। উত্তেজিত জনতা অভিযুক্ত জাকিরের বাড়িতে ভাঙচুর চালায় বলেও জানা গেছে।

গোয়েন্দা জালে ২ দুষ্কৃতী

নিজস্ব প্রতিনিধি, মালদহ : কালিয়াচক এবং বৈষ্ণবনগর থানা এলাকা থেকে কুখ্যাত দুই অপরাধীকে গ্রেফতার করল বিএসএফের গোয়েন্দা বিভাগের অফিসারেরা। ধৃতদের কাছ থেকে ১৭টি চোরাই মোবাইল উদ্ধার করা হয়েছে। শুক্রবার গভীর রাতে কালিয়াচক থানার মহব্বতপুর এবং বৈষ্ণবনগর থানার মুন্নাগ্রাম থেকে দুই জনকে গ্রেফতার করে বিএসএফের ২৪ নং ব্যাটেলিয়নের গোয়েন্দারা। শনিবার তাদের পুলিশের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃতরা হল আকবর আলি ও আব্দুল হক। তাদের বাড়ি মহব্বতপুর এবং মুন্নগ্রামে। ধৃতরা এর আগে জালনোট পাচার চক্রের সঙ্গে যুক্ত ছিল বলে জানা গেছে।

২১ জুলাইয়ের প্রস্তুতিসভা

নিজস্ব সংবাদদাতা, মালদা: শুধুমাত্র কলকাতায় হাজির হলেই ২১ জুলাইয়ের শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো সম্পূর্ণ হবে না। তার পাশাপাশি আগামী পঞ্চায়েত নির্বাচনে মানুষের সমর্থন নিয়ে মালদায় জেলা পরিষদ এবং সবকটি গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে জয়ী হতে ঝাঁপিয়ে পড়তে হবে। শনিবার মালদার দুর্গাকিঙ্কর সদনে ২১ জুলাই শহীদ দিবসের প্রস্তুতি সভায় দলের কর্মীদের এই আহ্বান জানালেন জেলা তৃণমূল কংগ্রেস নেতৃত্ব। এদিনের সভায় হাজির ছিলেন ইংরেজবাজারের বিধায়ক তথা পুরসভার চেয়ারম্যান নীহার ঘোষ, জেলা তৃণমূল সভাপতি মোয়াজ্জেম হোসেন, দলের জেলা যুব সভাপতি অম্লান ভাদুড়ি, জেলা প্রথামিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যান আশীষ কুণ্ডু, প্রাক্তন মন্ত্রী সাবিত্রী মিত্র, ইংরেজবাজার পুরসভার ভাইস চেয়ারম্যান বাবলা সরকার, জেলা মহিলা তৃণমূল সভাপতি চৈতালি ঘোষ প্রমুখ। তবে দেখা যায়নি আরেক প্রাক্তন মন্ত্রী কৃষ্ণেন্দু চৌধুরিকে।

প্রতিবাদ করে আক্রান্ত দুই ভাই, অভিযুক্ত কংগ্রেস নেতা

নিজস্ব প্রতিনিধি, মালদহ : আম গাছ কাটতে বাধা দেওয়ায় কংগ্রেসের এক পঞ্চায়েত সদস্য ও তার দলবলের হাতে আক্রান্ত হলেন দুই ভাই।

শনিবার সকালে ঘটনাটি ঘটেছে ইংরেজবাজার থানার অমুতি গ্রাম পঞ্চায়েতের বেনিয়াগ্রামে। আহত আমবাগানের মালিক দুই ভাই খালেক মোমিন (৪০) এবং সাদেক মোমিন (৩৫)কে মালদহ মেডিক্যাল কলেজে নিয়ে আসা হলে তাদের প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। ঘটনায় অভিযুক্ত স্থানীয় কংগ্রেস নেতা আজমুল শেখ ও তার সাগরেদ মাইনুল হক সহ চারজনকে আটক করেছে মিলকি ফাঁড়ির পুলিস। পুলিশকে আহতরা জানিয়েছে, বেনিয়াগ্রামে তাদের নিজস্ব একটি আমবাগান রয়েছে, ওই কংগ্রেস নেতা সেটি জোর করে দখল করার চেষ্টা চালাচ্ছিল।

এদিন সকালে একদল সশস্ত্র দুষ্কৃতী এসে বাগানের কয়েকটি গাছ কেটে ফেলে। ঘটনার প্রতিবাদ করতেই দুষ্কৃতীরা চড়াও হয় খালেক মোমিন ও সাদেক মোমিনের উপর। তাদের মারধর করা হয়। গ্রামবাসীরা ছুটে এলে এলাকা থেকে পালায় দুষ্কৃতীরা। পরে পুলিশ অভিযুক্তদের আটক করে।

পঞ্চায়েত প্রাক্তন প্রধানের বিরুদ্ধে থানায় অভিযোগ

জলপাইগুড়ি,১৫জুলাই: শৌচাগার না বানিয়ে কোটি কোটি টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে অবশেষে ময়নাগুড়ি গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধান কমল দাসের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের হল।

শুক্রবার রাতে কমল দাস এবং নির্মাণ সহায়কের বিরুদ্ধে অভিযোগ দায়ের করে ব্লক প্রশাসন। উল্লেখ্য, ময়নাগুড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান হিসেবে শৌচাগার না বানিয়ে ঠিকাদারদের কোটি কোটি টাকা পাইয়ে দেওয়ার অভিযোগ ছিল তার বিরুদ্ধে। অভিযোগ ওঠায় তার বিরুদ্ধে তদন্তে নামে ব্লক প্রশাসন। তাকে অনাস্থা এনে প্রধান পদ থেকে সরিয়েও দেওয়া হয়। অবশেষে তার বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করল জেলা প্রশাসন। যদিও এ বিষয়ে অভিযুক্ত কমলদাসের কোনও বক্তব্য পাওয়া যায়নি।

এদিকে শনিবার ময়নাগুড়ি গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে প্রধান নির্বাচনের কাজ সম্পূর্ণ হল। প্রধান হিসেবে নির্বাচিত করা হয় তৃণমূলের দেবরঞ্জন রায়কে। গ্রাম পঞ্চায়েতের মোট ২৩ জনের মধ্যে ২০ জন পঞ্চায়েত সদস্য নির্বাচন প্রক্রিয়ায় উপস্থিত ছিলেন।

তৃণমূলের ১৩ জন এবং সিপিএম ও কংগ্রেসের পঞ্চায়েত সদস্যরাও ছিলেন। সবার সর্বসম্মতিক্রমে প্রধানকে নির্বাচিত করা হয়। গোটা প্রক্রিয়াটি ময়নাগুড়ির জয়েন্ট বিডিও অনিরুদ্ধ লাহিড়ির উপস্থিতিতে হয়। (হি.স)